

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-৭(১২)কাস-১/৯৪/৫০২

তারিখঃ ২৩-০৮-২০০৫।

অফিস আদেশ

বিষয়ঃ মেরামতের জন্য যন্ত্রপাতি/যন্ত্রাংশ বিদেশে প্রেরণ করে পুনঃআমদানির ক্ষেত্রে শুল্কায়ন ও খালাস পদ্ধতি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে মেরামতের জন্য যন্ত্রপাতি/যন্ত্রাংশ বিদেশে প্রেরণ করে মেরামত শেষে পুনঃআমদানি করা হলে মেরামতকৃত উক্ত যন্ত্রপাতি/যন্ত্রাংশের শুল্কায়ন ও খালাস প্রক্রিয়া এবং প্রযোজ্য শুল্ক-কর আদায় বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নবর্ণিত আদেশ/নির্দেশনা জারী করছে :

- (ক) মেরামতের জন্য যন্ত্রপাতি/যন্ত্রাংশ বিদেশে প্রেরণ এবং মেরামতপূর্বক পুনঃআমদানি করার ক্ষেত্রে আমদানি রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর কর্তৃক ইস্যুকৃত **Export-cum-Import permit** প্রয়োজন হবে;
- (খ) মেরামত শেষে যন্ত্রপাতি/যন্ত্রাংশ পুনঃআমদানি হলে তা পরীক্ষা করে নিশ্চিত হতে হবে যে ইতঃপূর্বে বিদেশে প্রেরিত যন্ত্রপাতি/যন্ত্রাংশই মেরামত করে পুনঃআমদানি করা হয়েছে। সে লক্ষ্যে উক্তরূপ যন্ত্রপাতি/যন্ত্রাংশ বিদেশে প্রেরণ পর্যায়ে এ সংক্রান্ত প্রযোজ্য দলিলাদি পরীক্ষা করে প্রয়োজনীয় তথ্যাদি যথা : **Art No, Part No, Model No, Chassis No**, ওজন, আয়তন, উৎপাদনকারী দেশের নাম, উৎপাদনের সন ও অন্যান্য বৈশিষ্ট্য যা যন্ত্রপাতি/যন্ত্রাংশের গায়ে লিপিবদ্ধ অবস্থায় পাওয়া যাবে তা সুনির্দিষ্টভাবে পরীক্ষা প্রতিবেদনে/রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে;
- (গ) যন্ত্রপাতি/যন্ত্রাংশ বিদেশে প্রেরণ ও পুনঃআমদানির ক্ষেত্রে শুধুমাত্র পুনঃ আমদানি পরিবহন ভাড়ার (**Inward freight charge**) সাথে মেরামত ব্যয় যোগ করে সিএন্ডএফ মূল্য (**C&F price**) নিরূপণ করতে হবে এবং উক্তরূপ **C&F** মূল্যের ভিত্তিতে শুল্কায়নযোগ্য মূল্য (**Assessable Value**) নির্ধারণ করতে হবে। সংশ্লিষ্ট যন্ত্রপাতি/যন্ত্রাংশের ওপর যে হারে শুল্ক-কর প্রযোজ্য আলোচ্য ক্ষেত্রে শুল্কায়নযোগ্য মূল্যের (**Assessable value**) ওপর সে একই হারে শুল্ক-কর আদায়যোগ্য হবে;
- (ঘ) কোন যন্ত্রপাতি/যন্ত্রাংশ **accompanied baggage** হিসেবে সংগে নেয়া হলে এবং তা যাত্রীর **baggage-weight-entitlement** এর মধ্যে হলে সেক্ষেত্রে কোন **freight charge** প্রযোজ্য হবে না; এবং
- (ঙ) যন্ত্রপাতি/যন্ত্রাংশ মেরামতের জন্য বিদেশে প্রেরণ করে মেরামতপূর্বক ঐ একই যন্ত্রপাতি/যন্ত্রাংশ আমদানি না-করে তার পরিবর্তে অন্য কোন নতুন যন্ত্রপাতি/যন্ত্রাংশ **Replacement** হিসাবে আমদানি করা হলে সেক্ষেত্রে উপর্যুক্ত পদ্ধতি অনুসরণযোগ্য হবে না। বরং নতুন যন্ত্রপাতি/যন্ত্রাংশের মূল্যের ভিত্তিতে বিদ্যমান আইন ও বিধিবিধান অনুসরণপূর্বক স্বাভাবিক হারে শুল্ক-কর আদায় করতে হবে।

০২। ইতঃপূর্বে সাময়িক শুল্কায়নকৃত এরূপ পণ্য-চালান উপর্যুক্তরূপে চূড়ান্ত শুল্কায়ন করতে হবে।

০৩। এ বিষয়ে ইতঃপূর্বে জারীকৃত সকল আদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
(সৈয়দ গোলাম কিবরীয়া)
প্রথম সচিব(শুল্ক নীতি ও বাজেট)